৪৫৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

নং-২২.০০.০০০০.০৭৯.১৪.০৫৭.১৬-৩২৪ তারিখঃ ০৪/১২/২০১৭ খ্রি:

বিষয়ঃ বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন " ইউএন-রেড বাংলাদেশ জাতীয় কর্মসূচী" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৮/১১/২০১৭ তারিখে বন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ইউএন-রেড বাংলাদেশ জাতীয় কর্মসূচী" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ কার্যবিবরণী।

৪/১২/১৭
(দীপান্বিতা সাহা)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭২৬০

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩। সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (পরিবেশ), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। বিভাগ প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ,পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
৯। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
১০। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন সংস্থা (ওয়ারপো), বাড়ী নং-১০৩, রোড নং-১, বনানী, ঢাকা-১২১৩)
১১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরীপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১২। মহাপরিচালক, জরীপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
১৩। উপপ্রধান, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। চেয়ারম্যান, স্পারসো, প্রতিরক্ষা মন্ত্রণালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
১৫। এসিসট্যান্ট কান্ট্রিডাইরেক্টর (ক্লাইমেট চেঞ্জ), ইউএনডিপি বাংলাদেশ, আইডিবি ভবন, রোকেয়া সরণী, ঢাকা।
১৬। রিপ্রেজেনটেটিভ, এফএও (FAO) বাংলাদেশ অফিস, বাড়ী নং-৩৭, রোড নং-৮, ধানমন্ডি, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, "ইউ-এন রেড বাংলাদেশ জাতীয় কর্মসূচী" শীর্ষক প্রকল্প ও বন সংরক্ষক, রাঙ্গামাটি অঞ্চল, রাঙ্গামাটি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্ত, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
৩। উপ-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়।

২৪০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২
www.moef.gov.bd

বিষয় ঃ "ইউএন-রেড বাংলাদেশ জাতীয় কর্মসূচী" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব ইসতিয়াক আহমদ, সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
সভার তারিখ : ২৮ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ।
সভার সময় : দুপুর ০২:৩০ ঘটিকা ।
স্থান : পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট-'ক'।

১.০. উপস্থাপনাঃ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি প্রদান করে প্রকল্প পরিচালককে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের জন্য অনুরোধ করেন। প্রকল্প পরিচালক তার পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে প্রকল্পের লক্ষ্য/উদ্দেশ্য, মূল কার্যক্রম, এ যাবৎ সাধিত অগ্রগতি, ভবিষ্যত কর্মপরিকল্পনা এবং সম্ভাব্য করণীয় সম্পর্কে বিস্তারিত তথ্য উপাত্ত উপস্থাপন করেন।

২.০. আলোচনা ঃ

২.১ প্রকল্প পরিচালক জানান যে, REDD এর মাধ্যমে উন্নয়নশীল দেশগুলোকে বন নিধন, বন ক্ষয় হ্রাস করা এবং কার্বন মজুদ বৃদ্ধির জন্য প্রণোদনা প্রদান করা হয়। সে প্রেক্ষিতে REDD Roadmap বাস্তবায়নে বাংলাদেশ সরকারকে সহায়তা প্রদান, বৃক্ষ নিধনের ফলে ও বন ভূমি অবক্ষয়ের ফলে সৃষ্ট দূষণ হ্রাস করা, বনের কার্বন মজুদ সংরক্ষণ করা , টেকসই বন ব্যবস্থাপনা ইত্যাদির লক্ষ্যে ইউএনডিপি ও জিইএফ অর্থায়নে ১৭.৯৪ কোটি টাকা ব্যয়ে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে। এ পর্যন্ত প্রকল্পটির অনুকূলে মোট ব্যয় হয়েছে ৯.৩৯ কোটি টাকা যা মোট ব্যয়ের ৫২.৩৭%। প্রকল্পটির আওতায় চার ধরনের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। (১) জনসচেতনতা বৃদ্ধি (২) জাতীয় রেড+ স্ট্রাটেজি প্রণয়ন (৩) FREL/FRL প্রণয়ন এবং (৪) ন্যাশনাল ফরেষ্ট মনিটরিং সিস্টেম প্রণয়ন। প্রকল্প পরিচালক জানান, জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে একটি ওয়েবসাইট, ১২টি প্রচার দলিল, ৩টি ভিডিও ডকুমেন্টরি তৈরী করা হয়েছে। প্রায় ১১৭৫ জনের অংশগ্রহনে ২৫ টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া স্টেকহোল্ডার এনালাইসিস, কমিউনিকেশন ও পার্টিসিপেশন প্লান তৈরীর কাজ চলমান আছে। জাতীয় রেড+ স্ট্রাটেজি প্রণয়নের লক্ষ্যে বন নিধন ও অবক্ষয়ের কারণ চিহ্নিতকরণের জন্য কর্মশালার আয়োজন করা হয়েছে। রেড সেল এর কাঠামো সংস্কার এবং কর্মপরিধি নির্ধারণের জন্য সভার আয়োজন করা হয়েছে। FRELs/FRLs এর খসড়া প্রণীত হয়েছে এবং এর উপর ইতোমধ্যে দুটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। এরপর সচিব মহোদয়ের সভাপতিত্বে জাতীয় কর্মশালায় এই খসড়া উপস্থাপন করে তা চূড়ান্ত করা হবে মর্মে সভায় জানানো হয়। ন্যাশনাল ফরেষ্ট মনিটরিং সিস্টেম স্থাপনের লক্ষ্যে GHG inventory এর সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম এবং Integrated Forest information system প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি ১৭৯৪.৩৯ লক্ষ টাকা প্রকল্প ব্যয়ে এবং জুলাই ২০১৫ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/০৬/২০১৬ তারিখে অনুমোদিত হয়। অনুমোদন পেতে বিলম্ব হওয়ায় প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ এক বৎসর বৃদ্ধি করা প্রয়োজন। pro-doc এর মেয়াদ রয়েছে মে ২০১৫ হতে এপ্রিল ২০১৮। এছাড়া জাতীয় রেড+ স্টিয়ারিং কমিটি এবং রেড+ স্টেকহোল্ডার ফোরাম পুনঃগঠন করা প্রয়োজন।

২.২. পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় কার্যক্রম বাস্তবায়নে অনুমোদিত টিপিপি অনুসরণ করা হচ্ছে না। টিপিপি'তে প্রকাশনা এবং ট্রেনিং ও ওয়র্কশপ বাবদ কোন বরাদ্দ না থাকলেও এ পর্যন্ত এই খাতে প্রায় ৬০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া আন্তর্জাতিক পরামর্শক খাতে টিপিপি বর্হিভূত অতিরিক্ত ব্যয় করা হয়েছে। সভাপতি টিপিপি অনুসরণ না করার বিষয়ে সভায় অসন্তোষ জ্ঞাপন করেন। তিনি প্রকল্প পরিচালককে এ বিষয়ে সর্তক থেকে ভবিষ্যতে অনুমোদিত টিপিপি অনুযায়ী কার্যক্রম সম্পাদনের নির্দেশ দেন। অধিকন্তু পরামর্শকের কর্মপরিধি পুনঃপরীক্ষা করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়। সভাপতি প্রধান বন সংরক্ষককে একটি সভার মাধ্যমে পরামর্শকের কর্মপরিধি পরীক্ষা করে এবং কোন কোন খাতে অতিরিক্ত ব্যয় সংঘটিত হয়েছে বা খাত বর্হিভূত ব্যয়ের কারণ চিহ্নিত করে পুনরায় স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপনের নির্দেশ দেন। টিপিপি বর্হিভূত ব্যয় সংঘটেনের পূর্বে টিপিপি সংশোধন বিষয়ে প্রকল্প পরিচালককের উদ্যোগ গ্রহণ করা বাঞ্চনীয় ছিল মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৩.০. সিদ্ধান্ত ঃ

বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

৩.১ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ১ বৎসর বৃদ্ধি অর্থাৎ জুন ২০১৯ পর্যন্ত বৃদ্ধির উদ্যোগ নেয়া যেতে পারে, একইসাথে pro-doc এর মেয়াদ বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা যেতে পারে;

৩.২. জানুয়ারী ২০১৮ এ UNFCCC এর নিকট দাখিলের লক্ষ্যমাত্রা নিয়ে ডিসেম্বরের মাঝামাঝি সময়ে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য জাতীয় কর্মশালায় FRELs/FRLs এর খসড়া উপস্থাপন করে তা চূড়ান্ত করতে হবে;

৩.৩. প্রধান বন সংরক্ষক বন অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলকে নিয়ে সভা করে প্রকল্পের আওতায় নিয়োজিত পরামর্শকের কর্মপরিধি পুনঃপরীক্ষা করবেন এবং একইসাথে কোন কোন খাতে অতিরিক্ত ব্যয়/ খাত বর্হিভূত ব্যয় সংঘটিত হয়েছে তার কারণ চিহ্নিত করে পুনারায় ষ্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করতে হবে;

৩.৪ ভবিষ্যতে প্রকল্পের সকল কার্যক্রম অনুমোদিত টিপিপি অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে;

৩.৫ রেড+ স্টেকহোল্ডার ফোরাম পুনঃগঠনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪.০. অতঃপর সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ইসতিয়াক আহমদ)
সচিব

# UN-REDD Bangladesh National Programme

## Department of Forests, Ministry of Environment and Forests

1st Meeting of the Project Steering Committee (PSC)

**Participants Registration**

**Venue: Conference Room, Ministry of Environment and Forests**, Bangladesh Secretariat, Dhaka

**Date: 28 November 2017**

| SL No. | Name of the Participants | Designation/Organization | E-mail/Contact phone | Signature |
|---|---|---|---|---|
| 1 | Md. Shafiul Alam Chy | CCF / FD | 01819323000 | [signature] |
| 2 | Abdullah Al Mohsin Chowdhury | Additional Secretary | | [signature] |
| 3 | Amit Kumar Baul | Addl. Secretary | 01215028826 | [signature] |
| 04. | MD. MAHBUBUR RAHMAN | DIRECTOR (DEPUTY SECRETARY) IMED | mahboob.coo@yahoo.com 01711139309 | [signature] 28.11.2017 |
| 05. | ARIF M. FAISAL | Programme Specialist. UNDP | 01824804742 | [signature] |
| 06. | Mohd. Iftekhar Hossain | Deputy Secretary, ERD | iftekhar2025@gmail.com 01715047700 | [signature] |
| 07 | Anatoli Poultouchidou | FAO Consultant. | | [signature] |
| 08. | SUKUMAR Dutta | P.S.O, SPARRSO | duttasukumar@yahoo.com 01552349869 | [signature] 28/11/17 |
| 09. | MD. TANJIM | Asst. Chief, Planning Commission | forestplanning17@gmail.com | [signature] 28/11/17 |
| 10 | AKM Rafiqul Islam | Deputy Director, DoE | rafiqulislamakm@yahoo.com 01711446249 | [signature] |
| 11 | IMRAN AHMED | ACCF (D/P) Forest Dept. | imranforest@live.com 01999000004 | [signature] |
| 12 | Shamshur Rahman Khan | D.S. MoEF | shamshu_1970@yahoo.com | [signature] |
| 13 | DIPANWITA SAHA | Senior Asst. Chief MOEF | 9540260 | [signature] |
| 14 | Riva Chakma | Senior Asst. Secretary MoCHTA | 01716958584 | [signature] 28.11.17 |

# UN-REDD Bangladesh National Programme

## Department of Forests, Ministry of Environment and Forests

**1st Meeting of the Project Steering Committee (PSC)**

**Participants Registration**

**Venue: Conference Room, Ministry of Environment and Forests**, Bangladesh Secretariat, Dhaka

**Date: 28 November 2017**

| SL No. | Name of the Participants | Designation/Organization | E-mail/Contact phone | Signature |
|---|---|---|---|---|
| 15 | Mariam Akhter | Forestry Officer, FAO | mariam.akter2002@gmail.com | |
| 16 | Noaim Aziz | PM, UN-REDD | noaim.aziz@undp.org | |
| 17 | MUHAMMAD ZIAUR RAHMAN | MOEF, Add. Secretary (Admin) | zia2045@gmail.com | |
| 18. | Mominul Haque | UN-REDD Programme | mominul.haque@undp.org | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |